গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

স্মারকানং০৫.৩০.৩৫৯১.০০৭.৮৮.০০১.২৩-৭১৫

তারিখঃ ২৯ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি/ ২০২৩ খ্রিঃ

## বাংলা ১৪৩০ সনের হাট-বাজার খেয়াঘাটের ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলাধীন নিম্নবর্ণিত খেয়াঘাট ও হাট-বাজার বাংলা ১৪৩০ সনের ১(এক) বছরের জন্য নিম্নলিখিত শর্ত মোতাবেক ইজারা প্রদানের নিমিত্তে ইচ্ছুক ইজারা গ্রহণকারীগণের নিকট হতে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। ১ম পর্যায়ে চাহিদা মোতাবেক দরপত্র পাওয়া না গেলে পরবর্তী তারিখ সমূহে পর্যায়ক্রমে সিডিউল বিক্রয় ও গ্রহণ করা যাবে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাটবাজারের নাম | সরকারি ইজারা মূল্য(বিগত ৩ বৎসরের গড় মূল্যের সাথে ৬% বৃদ্ধিতে ) | দরপত্রের ফরমের মূল্য (অফেরৎযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | কুশলী | কুশলী হাট | ৫১,৯১৬/- | ৫০০/- | |
| ২. | ডুমুরিয়া | তারাইল হাট | ৬১,৩০২/- | ৫০০/- | |
| ৩. | ডুমুরিয়া | বাঁশবাড়িয়া হাট | ৩,৪৬,৬২০/- | ১২০০/- | |

খেয়াঘাট

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাটবাজারের নাম | সরকারি ইজারা মূল্য(বিগত ৩ বৎসরের গড় মূল্যের সাথে ৬% বৃদ্ধিতে ) | দরপত্রের ফরমের মূল্য (অফেরৎযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ডুমুরিয়া | ডুমুরিয়া খেয়াঘাট | ৩৬,৩২৯/- | ৫০০/- | |

| | |
|---|---|
| দরপত্র প্রাপ্তির স্থান | ১। জেলা প্রশাসক,গোপালগঞ্জ-এর কার্যালয়<br>২। উপজেলা নির্বাহী অফিসার,টুঙ্গিপাড়া-এর কার্যালয়<br>৩। সহকারী কমিশনার (ভূমি), টুঙ্গিপাড়া-এর কার্যালয়<br>৪। সোনালী ব্যাংক, টুঙ্গিপাড়া শাখা |
| দরপত্র দাখিল/ জমার স্থান | ১। জেলা প্রশাসক,গোপালগঞ্জ-এর কার্যালয়<br>২। উপজেলা নির্বাহী অফিসার,টুঙ্গিপাড়া-এর কার্যালয়<br>৩। সহকারী কমিশনার (ভূমি),টুঙ্গিপাড়া -এর কার্যালয় |

দরপত্র ক্রয়,দরপত্র দাখিল ও দরপত্র খোলার সময়সূচিঃ

| দরপত্র আহ্বানের পর্যায় | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময়) | দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায়ে | ০৬.০৩.২০২৩ খ্রি. | ০৭.০৩.২০২৩ খ্রি. বেলা ০১.০০ টায় | ০৭.০৩.২০২৩ খ্রি. বিকাল ৩.০০ টায় |
| ২য় পর্যায়ে | ১২.০৩.২০২৩ খ্রি. | ১৩.০৩.২০২৩ খ্রি. বেলা ০১.০০ টায় | ১৩.০৩.২০২৩ খ্রি. বিকাল ৩.০০ টায় |
| ৩য় পর্যায়ে | ২২.০৩.২০২৩ খ্রি. | ২৩.০৩.২০২৩ খ্রি. বেলা ০১.০০ টায় | ২৩.০৩.২০২৩ খ্রি. বিকাল ৩.০০ টায় |
| ৪র্থ পর্যায়ে | ২৮.০৩.২০২৩ খ্রি. | ২৯.০৩.২০২৩ খ্রি. বেলা ০১.০০ টায় | ২৯.০৩.২০২৩ খ্রি. বিকাল ৩.০০ টায় |

শর্তাবলী:

১. বাংলা ১৪৩০ সনের ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

২. দরপত্র দাতাকে দরপত্রে উদ্বৃত মূল্য অংকে এবং কথায় লিখতে হবে। উদ্বৃত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফশীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিচ্ছন্ন না করলে বা হাট-বাজারের কোন ক্ষতি সাধন করলে জামানত হতে তা মিটানো হবে। বছর শেষে অব্যবহৃতঅর্থ জমাকারীর বরাবরে ফেরত প্রদান করা হবে।

CS CamScanner

৩. দরপত্র গৃহীত হবার সংবাদ অবহিত হওয়ার পর ০৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত মূল্যের৭৫% অর্থ ( সোনালী ব্যাংক, লিমিটেড টুঙ্গিপাড়া শাখা,হাট-বাজার সংক্রান্ত চলতি হিসাব নং ০০১০০২৪২৫ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% অর্থ আয়কর (কোড নং ১-১১৪১-০০১০-০১১১) ও ১৫% অর্থ ভ্যাট (কোড নং ১-১১৩৩-০০০৫-০৩১১) একই সাথে জমা পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫. এক হাট- বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর হাট-বাজার/খেয়াঘাটের নাম স্পষ্টাক্ষরে উল্লেখপূর্বক দরপত্র দাখিল করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোলরেট মোতাবেক টোল আদায় করতে হবে।বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯. ইজারা গ্রহীতা হাট-বাজারটি বা ইহার কোন অংশ অন্যের নিকট সাবলীজ প্রদান করতে পারবেন না।

১০. ইজারার সমূদয় অর্থ (ভ্যাট ও আয়কর) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিন শত) টাকার নন-জুডিয়িাল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২.ইজারাদারকে নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিছন্ন রাখতে হবে।

১৩. ইজারাদারকে নিজ খরচে পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করতে হবে।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. খেয়াঘাট ইজারা সংক্রান্ত কার্যক্রম " হস্তান্তরিত খেয়া ঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন সম্পর্কে নীতিমালা" অনুযায়ী সম্পাদন করা হবে।

১৭. চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮.কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র দাতাদের সম্মুখে ( যদি কেহ উপস্থিত থাকে ) দরপত্র বাক্স খোলা হবে।

১৯. সরকার কর্তৃক নতুন কোন শর্ত বা কর আরোপ করা হলে ইজারাদার তা মেনে নিতে বাধ্য থাকবেন।

(মোঃ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
০২-২২৪৪৫৬২১৩
22/02/2023

স্মারকনং০৫.৩০.৩৫৯১.০০৭.৮৮.০০১.২৩ ১১৫

তারিখঃ ২৭মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি/ ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ ।
০২। পুলিশ সুপার, গোপারগঞ্জ ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গোপালগঞ্জ ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর/কাশিয়ানী/মুকসুদপুর/কোটালীপাড়া। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য ।
০৫। উপজেলা..........................কর্মকর্তা (সকল) টুঙ্গিপাড়া। অবগতি ও বহুল প্রচারের জন্য।
০৬। উপজেলা..........................কর্মকর্তা, টুঙ্গিপাড়া তাকে অবগতি ও দরপত্র খোলার দিন উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো এবং সদস্য দরপত্র কমিটি, টুঙ্গিপাড়া ।
০৭। চেয়ারম্যান, কুশলী/বর্নি/গোপালপুর/পাটগাতী/ডুমুরিয়া ইউ.পি এবং সদস্য দরপত্র কমিটি, টুঙ্গিপাড়া ।
০৮। সভাপতি/ সম্পাদক.................................টুঙ্গিপাড়া, অবগতি ও বহুল প্রচারের জন্য
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কুশলী/পাটগাতী/তারাইল ইউনিয়ন ভূমি অফিস,টুঙ্গিপাড়া তাকে তার তহশীল এলাকায় ২ দিন বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য ঢোল সহরত করার জন্য অনুরোধ করা হলো।
১০। সম্পাদক, দৈনিক বর্তমান গোপালগঞ্জ, তাকে বিজ্ঞপ্তি একবার পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১। জনাব......................................... ইজারাদার ১৪২৯ সন .......... হাট বাজার, টুঙ্গিপাড়া।
১২। ..............................................
১৩। নোটিশ বোর্ড

উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
12/02/2023